

মৃগয়া

তীব্র ছুরির মতো এসেছো আমার কাছে ;
তোমাকে জড়িয়ে ধরি জিভে।
প্রণয়বাক্য বলে ক্লান্তিহীন প্রণয়ীর ভিড়ে,
লোনা স্বাদে জেনে গেছি,
আমারও হৃদয় ছিল উদাসীন শিকারীর মতো।

আমার সততা বলে -- এখন সময় হল,
তোমাকে ঘুমের থেকে ডাকি।
এখানে পেতেছি ফাঁদ, বহুদূর হেঁটে গিয়ে
দেখেছি পিছন ফিরে নীল--
তোমাকে ঘুমের ঘোরে অপরাধ, অপরাধ লাগে।

অয়ন চত্রবর্তী

